

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৩টি প্রতিষ্ঠানকে ১.০০ লক্ষ টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ীয়ের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় ও ঢাকা বিভাগীয় কার্যালয়ের ৪ জন সহকারী পরিচালকের নেতৃত্বে গত ১০ জুন ২০১৬ তারিখে ঢাকা মহানগরের বিভিন্ন এলাকায় বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরে বাংলানগর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ঘরোয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট ও বিসমিল্লাহ রেস্টুরেন্টকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২৫,০০০/- (পাঁচিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাজার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর মডেল থানা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে আল রহমানীয়া হোটেল এন্ড রেস্টুরেন্টকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে জাকিরের খেঁজুরের দোকানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা ও ওজনের কারচুরি অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুম কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর গেন্ডারিয়া এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কুমিল্লা স্টোরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও একই অপরাধে পদ্মা কনফেকশনারী, আমিন স্টোর ও মা জেনারেল স্টোরকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৪টি বাজার তদারকিতে ১৩টি প্রতিষ্ঠানকে মোট ১,০০,৫০০/- (এক লক্ষ পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুনিশ কমিশনার, ঢাকা।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা মহানগর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা মহানগর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।